বরিশাল বিশ্ববিদ্যালয়

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং বিইউ/রেজি/নিয়োগ/১০২/২৮৮

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি ২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র. নং	নাম ও পদবী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	**উপ-রেজিস্ট্রার:** **১টি স্থায়ী পদ** গ্রেড- ৫, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার বা সমমানের পদে ন্যূনতম ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা এবং প্রশাসনিক কাজে কমপক্ষে ১২ (বার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষাদান পদ্ধতি ও প্রশাসনিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধীকার দেয়া হবে।
২.	**উপ পরীক্ষা নিয়ন্ত্রক:** **১টি স্থায়ী পদ** গ্রেড-৫, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনে সকল ক্ষেত্রে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। যে কোন সরকারি/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট কাজে ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে ন্যূনতম ৬ (ছয়) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা পদ্ধতি এবং ব্যবস্থাপনা সম্পর্কে বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৩.	**সহকারী রেজিস্ট্রার:** **৩ টি স্থায়ী পদ** গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর অবশ্যই ইংরেজি ও বাংলা উভয় ভাষায় পারদর্শিতা এবং কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে কর্মকর্তা হিসেবে প্রশাসনিক কাজে কমপক্ষে ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৪.	**সহকারী পরিচালক:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীকে কোন সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কমপক্ষে ৪ (চার) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
৫.	**সহকারী পরিচালক:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-৭, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে অবশ্যই বাণিজ্য/ হিসাব বিজ্ঞান/ ব্যবস্থাপনায় স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে হিসাব ও নিরীক্ষা কাজে ৪ (চার) বছরের চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ে চাকুরির অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৬.	**সেকশন অফিসার:** **৬ টি স্থায়ী পদ** গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৭.	**একাউন্টস অফিসার:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর কোন সরকারি/ স্বায়ত্বশাসিত/বেসরকারি বাণিজ্যিক প্রতিষ্ঠানে হিসাবরক্ষণ কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৮.	**সহকারী প্রকৌশলী (অটোমোবাইল ইঞ্জিনিয়ার): ১ টি স্থায়ী পদ** গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীর অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং-এ বি.এস.সি ডিগ্রি এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
৯.	**ডেমোনেস্ট্রেটর: ৩ টি স্থায়ী পদ** (উদ্ভিদবিজ্ঞান, রসায়ন এবং মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগ) গ্রেড-১০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীর ল্যাব যন্ত্রপাতি পরিচালনা ও কম্পিউটারে কাজ করার অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১০.	**কম্পিউটার অপারেটর :** গ্রেড-১১, জাতীয় বেতন স্কেল ২০১৫ **২টি স্থায়ী পদ**	প্রার্থীদের কোন অনুমোদিত বোর্ড হতে এইচ.এস.সি বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে।
১১.	**একাউনটেন্ট:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-১২, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অথবা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১২.	**ড্রাইভার: ১ টি স্থায়ী পদ** গ্রেড-১৫, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ বিআরটি-এর লাইসেন্সধারী হতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।
১৩.	**ইলেকট্রিশিয়ান:** **১ টি স্থায়ী পদ** গ্রেড-১৭, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ বাংলাদেশ কারিগরি ইনস্টিটিউট হতে ইলেকট্রিকাল ট্রেড কোর্স পাশ হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।
১৪.	**ল্যাব এটেনডেন্ট:** **৩ টি স্থায়ী পদ** গ্রেড-১৮, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এসএসসি/সমমানের সার্টিফিকেটধারী হতে হবে। শিক্ষাজীবনের সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/জিপিএ ২.৫ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৫.	**অফিস সহায়ক: ৬ টি স্থায়ী পদ** গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীর কোন অনুমোদিত বোর্ড হতে এসএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।
১৬.	**নিরাপত্তা প্রহরী: ৬ টি স্থায়ী পদ** গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবসরপ্রাপ্ত সেনাবাহিনী/পুলিশ/আনসার/ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে।
১৭.	**আয়া: ১ টি স্থায়ী পদ** গ্রেড-২০, জাতীয় বেতন স্কেল ২০১৫	প্রার্থীকে অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।

বি:দ্র: সকল প্রার্থীকে প্রাথমিক বাছাই-এর জন্য লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

শর্তাবলী

(ক)	আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম Website : www.barisaluniv.edu.bd, www.barisaluniv.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল, কিংবা বরিশাল বিশ্ববিদ্যালয়-এর ঢাকাস্থ লিয়াজোঁ অফিস ১৬/১, লেক সার্কাস (৩য়

	তলা), কলা বাগান (স্কয়ার হাসপাতালের বিপরীতে, কনকর্ড টাওয়ারের নিচের রাস্তা দিয়ে সামনে), ঢাকা ১২০৫ থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা নগদ প্রদানপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ গ্রেড: ৫ থেকে গ্রেড ১০ পদের জন্য ০৮ (আট) সেট, গ্রেড: ১১ থেকে গ্রেড ২০ পদের জন্য ২ (দুই) সেট রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল-৮২০০ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা ১৬/০৩/২০১৭ তারিখ।
(খ)	প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের ছায়ালিপি সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র ও নম্বরপত্র-এর ছায়ালিপি, (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি, (৩) জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি।
(গ)	চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঘ)	আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না।
(ঙ)	দরখাস্তের সাথে "ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়", সোনালী ব্যাংক, বরিশাল বিশ্ববিদ্যালয় শাখা, বরিশাল এর অনুকূলে রাষ্ট্রায়ত্ত ব্যাংকের যে কোন শাখা থেকে গ্রেড ৫ এর জন্য ১,৫০০/- টাকা, গ্রেড ৭ থেকে গ্রেড ১০ এর জন্য ১,০০০/- টাকা, গ্রেড ১১ থেকে গ্রেড ১৬ এর জন্য ৭০০/- টাকা, গ্রেড ১৭ থেকে গ্রেড ২০ এর জন্য ৫০০/- টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।
(চ)	প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
(ছ)	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।
(জ)	নির্বাচিত প্রার্থীদেরকে পুলিশ ভেরিফিকেশন ও মেডিক্যাল টেস্ট সম্পন্ন করে যোগদান করতে হবে।
(ঝ)	৬-১৭ নং পদে আবেদনকারীর বয়সসীমা সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য

স্বা-
(মো. মনিরুল ইসলাম)
রেজিস্ট্রার
বরিশাল বিশ্ববিদ্যালয়